

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 11-11-2024**

**Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Electoral Roll:**

নির্বাচন কমিশনের নির্ধারিত সূচী অনুযায়ী রাজ্যের ৬০টি বিধানসভা কেন্দ্রে সচিত্র ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধনী প্রক্রিয়ায় দুদিন ব্যাপ্তি বিশেষ প্রচার অভিযানের প্রথম পর্ব গতকাল শেষ হয়েছে। দ্বিতীয় তথা শেষ পর্বের বিশেষ প্রচার অভিযান হবে আগামী ১৬ এবং ১৭ই নভেম্বর। উল্লেখ্য, রাজ্য ৬০ টি বিধানসভা কেন্দ্রের ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধনীর জন্য গত ২৯ শে অক্টোবর খসড়া সচিত্র ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। এই তালিকায় মোট ভোটার সংখ্যা ২৮ লক্ষ ৭৫ হাজার ৫৪৬ জন বর্তমানে খসড়া তালিকার উপর দাবি ও আপত্তি গ্রহনের কাজ চলছে। তা চলবে আগামী ২৮শে নভেম্বর পর্যন্ত। দাবি ও আপত্তি সমূহের নিষ্পত্তির কাজ শেষ হবে ২৪শে ডিসেম্বর। চূড়ান্ত সচিত্র ভোটার তালিকা প্রকাশ করা হবে আগামী বছরের ৬ই জানুয়ারী।

\*\*\*\*\*

**Petrol Distribute:**

পেট্রোল সরবরাহ নিয়ন্ত্রণে গতকাল থেকে রাজ্য জুড়ে পেট্রোলে রেশনিং ব্যবস্থা চালু করেছে খাদ্য ও গনবন্টন দপ্তর। ত্রিপুরা পেট্রোলিয়াম ডিলার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক দেবাশিস মজুমদার জানিয়েছেন, আজ আগরতলা শহর ও শহরতলীর যে যে পেট্রোল পাম্পে পেট্রোল সরবরাহ করা হবে তার মধ্যে রয়েছে, আগরতলার বড়জলা ও বাধারঘাট পেট্রোল পাম্প, এস কে পেট্রোলিয়াম, জ্যোৎস্না পেট্রোলিয়াম, অশোক পেট্রোলিয়াম, রাজধানী পেট্রোলিয়াম, বিশ্বাস পেট্রোলিয়াম, ও

সরলা পেট্রোলিয়াম। এসব পেট্রোলিয়ামে মোট ৩৬০০ কিলোলিটার পেট্রোল সরবরাহ করা হবে। এছাড়া রাণীর বাজারের বি, কে পেট্রোলিয়ামে ৮ কিলোলিটার ও মাধববাড়ির এস এস পেট্রোলিয়ামে ৪ কিলোলিটার পেট্রোল সরবরাহ করা হবে।

\*\*\*\*\*

### **Unnati 2024 :**

শিল্প ও বাণিজ্য দপ্তরের উদ্যোগে, প্রজ্ঞা ভবনে আজ 'উত্তর পূর্ব Transformative Industrialisation Scheme' বা উন্নতি ২০২৪ সংক্রান্ত এক আলোচনা চক্র ও কর্মশালার আয়োজন করা হয়েছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, আজ এই আলোচনাচক্রের উদ্বোধন করবেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত থাকবেন, শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী সান্তানা চাকমা, মুখ্য সচিব জে.কে সিনহা সহ কেন্দ্র ও রাজ্যের সংশ্লিষ্ট দপ্তর গুলির উচ্চ পদস্থ আধিকারিকগণ। উল্লেখ্য এই উন্নতি প্রকল্পে, আগামী ১০ বছরের জন্য উত্তর-পূর্বাঞ্চলের শিল্প স্থাপন ও শিল্পদ্যোগের বিকাশে, কেন্দ্র সরকার NEDFI-র মাধ্যমে আর্থিক সহায়তা প্রদান করবে।

\*\*\*\*\*

### **Special Train:**

ছট উৎসবের জন্য যাত্রীদের ভিড়ের প্রতি লক্ষ্য রেখে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে গতকাল আটটি স্পেশাল ট্রেন দিয়েছে। এর মধ্যে ত্রিপুরা থেকে অতিরিক্ত দেওয়া হয়েছে দুটি ট্রেন - ভুপালগামী আগরতলা থেকে রানি কমলাপতি ট্রেন এবং মুষাইগামী আগরতলা-চত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস ট্রেন।

আজ আরো দশটি স্পেশাল ট্রেন চালানো হবে। এর মধ্যে একটি স্পেশাল ট্রেন সেকেন্দ্রাবাদ থেকে আজ বিকেল ৪ টা ৩৫ মিনিটে আগরতলার উদ্দেশ্যে রওনা হবে।

\*\*\*\*\*

### **Cooperative Minister:**

সমবায় সমিতির উন্নয়নে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার কাজ করে চলেছে। গতকাল কমলপুরের নজরুল ভবনে মৎস্যজীবিদের নিয়ে এক সচেতনতামূলক অনুষ্ঠানের উদ্বোধন করে সমবায় মন্ত্রী শুল্কাচরণ নোয়াতিয়া একথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক মনোজ কান্তি দেব, সহ অন্যান্য উচ্চ পদস্থ আধিকারিকগণ।

সাম্প্রতিক বন্যায় মৎস চাষীদের যে ক্ষতি হয়েছে তা পূরণের বিভিন্ন উদ্যোগের বিষয়ে আলোচনার জন্যেই এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। ধলাই জেলা থেকে মোট ১৯০ জন মৎসচাষী এই সচেতনতা শিবিরে অংশ নেন।

\*\*\*\*\*

### **Tripura-Info:**

ত্রিপুরা-ইনফো ডটকম এবং রাজ্য সরকার ও বেসরকারী কিছু প্রতিষ্ঠানের সহযোগিতায় অল ত্রিপুরা মেগা কুইইজ, গতকাল রবীন্দ্র ভবনে প্রতিযোগী ও দর্শকদের ব্যাপক উপস্থিতিতে সম্পন্ন হয়েছে। মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করে, গত ১৯ বছর ধরে সাফল্যের সঙ্গে এই কুইইজ প্রতিযোগিতার আয়োজনের জন্য আয়োজকদের অভিনন্দন জানান। এবছর ত্রিপুরা ইনফো মেগা কুইইজে প্রথম স্থান অর্জন করেন চিরাগ মজুমদার ও দিক্ষিত বিশ্বাস জুটি। দ্বিতীয়, পার্থ প্রতিম ভট্টাচার্য ও প্রীতম ঘোষ এবং তৃতীয় স্থান দখল করেন সাক্ষর দত্ত মজুমদার ও অনৰ্বাণ কর। উদ্যোগস্থারা জানিয়েছেন, প্রথম পুরস্কার বিজয়ী জুটিকে দেওয়া হয়েছে নগদ ৫০ হাজার টাকা। এবছর রাজ্যের সেরা কুইইজিং স্কুল এর পুরস্কার জিতেছে রামকৃষ্ণ মিশন স্কুল, শ্রীকৃষ্ণ মিশন স্কুল ও আনন্দমার্গ স্কুল। এছাড়া ত্রিপুরা মেডিক্যাল কলেজ সেরা কুইইজিং কলেজের

শিরোপা দখল করেছেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী, প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, বিচারপতি অরিন্দম লোধ প্রমুখ।

\*\*\*\*\*

### **Santosh Trophy:**

সন্তোষ ট্রফি জাতীয় সিনিয়র ফুটবল প্রতিযোগিতার লক্ষ্যে ২২ সদস্যক রাজ্যদল ঘোষনা করা হয়। আগামী ১৫ নভেম্বর থেকে আগরতলায় জাতীয় এই আসরের ডি-পুলের খেলা হবে। এতে অংশ নিতে রাজ্য আসছে মণিপুর, মিজোরাম ও সিকিম দল। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আসরের খেলাগুলি হবে। টিএফএ সচিব অমিত চৌধুরী গতকাল এখবর জানান।

\*\*\*\*\*

### **Naidu Trophy:**

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনুধর্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় ত্রিপুরার বিরুদ্ধে স্বাগতিক চান্দিগড় প্রথম ইনিংসে লিড নিয়েছে। চান্দিগড়ের মহাজন ক্রিকেট মাঠে ত্রিপুরার ২১৬ রানের জবাবে চান্দিগড় তৃতীয় দিনে প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২২৩ রান করে। ৭ রানে পিছিয়ে থেকে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ৫ উইকেট হারিয়ে ১৬৯ রান সংগ্রহ করে।

\*\*\*\*\*

### **Weather:**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রীর কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৮ ডিগ্রী সেলসিয়াস।

\*\*\*\*\*